



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/সাতক্ষীরা-১৩৪/

তারিখঃ /০৭/২০১৭খ্রিঃ

বিষয়ঃ গভার্ণিং বডির সভাপতি হিসাবে জনাব মোঃ আবু আহমেদ এর পদ বাতিল পূর্বক পুনরায় সভাপতি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

- সূত্রঃ
- ১) নং- বামাশিবো/প্রশা/সাতক্ষীরা-১৩৪/১৯২১/৫; তারিখঃ ০৮/০৬/২০১৭খ্রিঃ
 - ২) নং- ০৫.৪৪.৮৭৮২.০০১.২৬.০০৫.২০১৭-৭৪৭; তারিখঃ ১৮ মে ২০১৭
 - ৩) নং- বামাশিবো/প্রশা/সাতক্ষীরা-১৩৪/১৭৪৫/৭; তারিখঃ ২৩/০৩/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন মাহমুদপুর আমিনিয়া আলিম মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ হাফিজুর রহমান কর্তৃক দাখিলকৃত আবেদন ও কমিটি গঠন সংক্রান্ত কাগজপত্রের প্রেক্ষিতে অত্র বোর্ড হতে ২৬/১২/২০১৬খ্রিঃ তারিখে নং- বামাশিবো/প্রশা/১৪৮০/২ স্মারকে গভার্ণিং বডির অনুমোদন দেয়া হয়।

পরবর্তীতে মাননীয় সংসদ সদস্য, ১০৬ সাতক্ষীরা-২ কর্তৃক ডিও: সংসদ সদস্য দপ্তর/১০৬ সাত-২/২০১৬/৭১০; তারিখঃ ০৩/১২/২০১৬ এ স্মারকে একটি ডিও লেটার প্রেরণ করা হয়। ডিও লেটার এবং ইতোপূর্বে ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত সভাপতি মনোনয়নের নিমিত্ত ০৩ জন ব্যক্তির নামের তালিকায় প্রদত্ত মাননীয় সংসদ সদস্য, ১০৬ সাতক্ষীরা-২ এর স্বাক্ষর দুটির মধ্যে গড়মিল দেখা যায়।

অপরদিকে মাদরাসার অধ্যক্ষ মোঃ নাসির উদ্দিন “এমপি মহোদয়ের জাল স্বাক্ষরে মনোনীত অযাচিত ব্যক্তিকে সভাপতি পদ হইতে অপসারণ পূর্বক এমপি মহোদয় কর্তৃক মনোনীত ব্যক্তিকে সভাপতি হিসেবে মনোনয়ন প্রদান প্রসঙ্গে” একটি আবেদন বোর্ডে দাখিল করেন। আবেদনপত্রে অধ্যক্ষের বিরুদ্ধে মিথ্যা মামলা থাকায় তিনি ১৭/১০/২০১৬ হইতে ১৬/১১/২০১৬খ্রিঃ পর্যন্ত মাদরাসায় অনুপস্থিত ছিলেন মর্মে উল্লেখ করা হয়।

অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন, স্থানীয় মাননীয় সংসদ সদস্য কর্তৃক প্রদত্ত ডিও লেটার ও সুপারিশ পত্রে প্রদত্ত স্বাক্ষর এবং মাদরাসার সার্বিক বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, সদর, সাতক্ষীরাকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, সদর, সাতক্ষীরা সূত্রে উল্লিখিত ২নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ হাফিজুর রহমান কর্তৃক অত্র বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের বরাবর প্রেরিত আবেদনে উল্লিখিত স্বাক্ষরটি এমপি মহোদয়ের স্বাক্ষরিত নয় বলে প্রাথমিকভাবে তদন্ত কর্মকর্তার নিকট প্রতীয়মান হওয়ায় বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে অনুমোদিত গভার্ণিং বডির সভাপতি হিসাবে জনাব মোঃ আবু আহমেদ এর পদ কেন বাতিল করা হবে না মর্মে ১নং স্মারকে কারণ দর্শানো হয়। কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ যে জবাব দাখিল করেছেন, তা বোর্ড কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়েছে।

বর্ণিত অবস্থায়-

ক) জাল স্বাক্ষরের সুপারিশ দাখিল করায় বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/১৪৮০/২/নথি নং-সাত-১৩৪; তারিখঃ ২৬/১২/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডির সভাপতি হিসাবে জনাব মোঃ আবু আহমেদ এর পদ এতদ্বারা বাতিল করা হলো।

খ) প্রতিষ্ঠানের স্বার্থে স্থানীয় মাননীয় সংসদ সদস্যের ডিও লেটার এর সুপারিশের প্রেক্ষিতে গভার্ণিং বডির অবশিষ্ট মেয়াদের জন্য আলহাজ্ব মোঃ খলিলুল্লাহ (ঝড়), পিতা- মৃত আলহাজ্ব খায়বার সরকারকে সভাপতি হিসাবে মনোনয়ন প্রদান করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ অধ্যক্ষ, মাহমুদপুর আমিনিয়া আলিম মাদরাসা, ডাকঘর- ভাড়ুখালী, সদর, সাতক্ষীরা।

নং- বামাশিবো/প্রশা/সাতক্ষীরা-১৩৪/ ১০৫৭/৮

তারিখঃ ০৬/০৭/২০১৭খ্রিঃ

সদয় অঙ্গীকারিতা ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, সাতক্ষীরা।
২. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, সাতক্ষীরা।
৪. ম্যানেজার, সোনালী/রূপালী/জনতা/অমানী ব্যাংক লিমিটেড,শাখা, সদর, সাতক্ষীরা।
৫. জনাব মোঃ আবু আহমেদ, পিতা- মৃত কোমর উদ্দীন সরদার, সাং- রসুলপুর, সদর, সাতক্ষীরা।
৬. সদস্যবৃন্দ-গভার্ণিং বডি, মাহমুদপুর আমিনিয়া আলিম মাদরাসা, ডাকঘর- ভাড়ুখালী, সদর, সাতক্ষীরা।
৭. পি এ টি চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা